

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

নং ৫/মুসক/২০২২—যেহেতু, “আমার বঙ্গবন্ধু” শীর্ষক মোবাইল এ্যাপস সংশ্লিষ্ট সেবা (Design, Development, Implementation, Maintenance) সরবরাহের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) এর মধ্যে চুক্তি সম্পত্তি হইয়াছে; এবং

যেহেতু, উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য হইলো বঙ্গবন্ধুর জীবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ ধাপ ও জাতির সঠিক ইতিহাস সম্পর্কে সর্বস্তরের ছাত্র-ছাত্রীদেরকে আকর্ষণীয়ভাবে জানানো; এবং

যেহেতু, এই ক্ষেত্রে কোনো ব্যবসায়িক স্বার্থের সংশ্লিষ্টতা নাই; এবং

যেহেতু, এই ধরনের এ্যাপস চালু হইলে দেশের জনগণ ডিজিটালি বঙ্গবন্ধু ও দেশের ইতিহাস সম্পর্কে জানতে পারিবে;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২(২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) কর্তৃক “আমার বঙ্গবন্ধু” শীর্ষক মোবাইল এ্যাপস সংশ্লিষ্ট সেবা (Design, Development, Implementation, Maintenance) সরবরাহের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

জাকিয়া সুলতানা

সদস্য (মূলক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৬১৮৭)

মূল্য : টাকা ৪.০০